গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯-২০

তারিখ: ২৩ পৌষ ১৪২৬ / ০৭ জানুয়ারি ২০২০

## পরিপত্র

বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র (এডিপি) আওতায় জেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ বন্টন, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

সরকারি অর্থের সদ্ব্যবহার, সুষ্ঠু তদারকি নিশ্চিতকরণ এবং যথাসময়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ সম্পন্ন করার লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র (এডিপি) আওতায় জেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য এ বিভাগ হতে ইতোপূর্বে জারীকৃত এসংক্রান্ত নির্দেশনা/নীতিমালা বাতিলক্রমে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

২। সাধারণ বরাদ্দ উপখাতের আওতায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে "জেলা পরিষদ আইন, ২০০০" এর ৩০ ধারা অনুযায়ী মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণপূর্বক তালিকা প্রণয়ন করে নির্ধারিত ছকে প্রতিবছর ৩০ সেপ্টেম্বর এর মধ্যে জেলা পরিষদের মাসিক সভার সুপারিশ গ্রহণপূর্বক (সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষরিত হাজিরা বিবরণীসহ) প্রকল্পসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে-

৩। সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থ "জেলা পরিষদ আইন, ২০০০" এর তফসিলে বর্ণিত কার্যাবলীর আওতায় আয়তন, জনসংখ্যা ও অনগ্রসরতা বিবেচনায় উপজেলাভিত্তিক প্রকল্প গ্রহণ করতে হবে।

৪। বর্ষিক উন্নয়ন কর্মসূচি'র (এডিপি) আওতায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো অনুসরণ করতে হবে:

৪.১। মসজিদ, মাদ্রাসা, মন্দির, গীর্জা, কবরস্থান, শ্মশাণ ইত্যাদি সামাজিক প্রকল্পের ক্ষেত্রে এডিপি বরাদ্দকৃত অর্থে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার নিম্নে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না। ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা পর্যন্ত প্রাক্কলণের সামাজিক প্রকল্প/প্রকল্পসমূহ 'প্রকল্প কমিটি'র মাধ্যমে বাস্তবায়ন করা যাবে। তবে তা এডিপির মোট বরাদ্দের ৪০ শতাংশের বেশী হবে না।

৪.২। ভবন নির্মাণ, রাস্তা, ব্রীজ, গাইড ওয়াল, ড্রেইন, যাত্রী ছাউনি, পাবলিক টয়লেট, পার্কের ওয়াকওয়ে ইত্যাদি কারিগরি প্রকৃতির পূর্ত কাজের ক্ষেত্রে এডিপি বরাদ্দকৃত অর্থে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার নিম্নে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না। এক্ষেত্রে অগ্রাধিকারপ্রাপ্ত জনগুরুত্বপূর্ণ দৃশ্যমান প্রকল্প গ্রহণ করতে হবে। এ ধরণের প্রকল্প পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও এতদসংক্রান্ত সকল বিধিবিধান অনুযায়ী দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। এ ধরণের প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না।

৪.৩। অবকাঠামো প্রকল্পের বিস্তারিত ডিজাইন, ড্রইং এস্টিমেট থাকতে হবে। ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ও তদূর্ধ্ব প্রকল্পের প্রাক্কলন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪.৪। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্ধারিত 'ছক' এ প্রয়োজনীয় তথ্য সন্নিবেশ করে প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে।

৪.৪। ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার অধিক যেকোন প্রকল্প বিধি মোতাবেক দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।

৪.৫। শিক্ষা প্রতিষ্ঠান ও স্বাস্থ্য সেবা সংক্রান্ত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী শারীরিক প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা (যেমন: র‍্যাম্প, হুইল চেয়ার ইত্যাদি) রাখতে হবে;

৪.৬। জনস্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন প্রকল্পে (যেমন: ওয়াশ ব্লক ও ল্যাট্রিন নির্মাণ) বিদ্যুৎ এবং পানি সরবরাহ অন্তর্ভূক্ত করাসহ ডিপিএইচই এর নকশা ও প্রাক্কলন অনুসরণ করতে হবে।

৪.৭। অবকাঠামো নির্মাণ ও ব্যবহারের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তনের প্রভাব বিবেচনায় রাখতে হবে।

৪.৮। অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে এর সর্বোচ্চ ব্যবহার এবং সর্বোচ্চ সংখ্যক সুবিধাভোগী/ব্যবহারকারীর উপকারে আসার বিষয়টি বিবেচনায় রাখতে হবে।

৪.৯। জেলা পরিষদের মাধ্যমে নতুন কোন ডাকবাংলো, অডিটরিয়াম, অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণের ক্ষেত্রে অবশ্যই স্থানীয় সরকার বিভাগ হতে প্রকল্প ও প্রকল্পের প্রাক্কলন অনুমোদন গ্রহণ করে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত কোন ধরনের স্থাপনা নির্মাণ কার্যক্রম শুরু করা যাবে না।

৪.১০। জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন পূর্বে অনুমোদিত চলমান প্রকল্পে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া যাবে।

৪.১১। প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এবং দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণ করতে হবে এবং প্রকল্প পরিবর্তন ও বাস্তবায়নে সংশোধিত প্রাক্কলন প্রণয়ন করে প্রকল্প ব্যয় বৃদ্ধির প্রবণতা পরিহার করতে হবে।

৪.১২। প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে জেলা পরিষদের প্রাধান নির্বাহী কর্মকর্তা/সচিব ও সহকারি প্রকৌশলী/উপসহকারি প্রকৌশলী প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষন করবেন।

৪.১৩। যথাযথ প্রক্রিয়ায় যাচাই বাছাই করে জেলা পরিষদের সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে প্রকল্প তালিকা প্রণয়ন করতে হবে এবং মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রকল্প পরিবর্তন করা যাবে না। প্রতি অর্থ বছরে বরাদ্দকৃত এডিপির অর্থ দ্বারা খন্ড খন্ডভাবে/আংশিকভাবে/পর্যায়ক্রমে প্রকল্প প্রস্তাব প্রেরণ করা যাবে না।

৪.১৪। প্রকল্প প্রস্তাব গ্রহণের আগে প্রকল্প এলাকা পরিদর্শন করে সকল সম্ভাব্য তথ্য সংগ্রহ করতে হবে এবং অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থার (যেমন: ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, এলজিইডি, ডিপিএইচই ও সিটি কর্পোরেশন) সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ করতে হবে যাতে দ্বৈততা পরিহার করা যায় এবং সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা যায়।

৪.১৫। আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প, যেমন: সেলাই মেশিন, হুইল চেয়ার, স্প্রে মেশিন, রিক্সাভ্যান ইত্যাদি কোন বেসরকারি এনজিও/সমিতি/ব্যক্তির মাধ্যমে কোনক্রমেই বিতরণ করা যাবে না। সেলাই মেশিন বিতরণ প্রকল্পের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর বা মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে সেলাই মেশিন বিতরণ করতে হবে; তবে সুবিধাভোগীগণ ইতোপূর্বে অন্য কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান হতে সেলাই মেশিন গ্রহণ করেনি মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন গ্রহণ করতে হবে।

৪.১৬। প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে তথ্য আপলোড ও আপডেট করতে হবে। গৃহিত প্রকল্প/প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) প্রকল্প সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে। সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্পস্থানে জনসাধারণের অবগতির জন্য জেলা পরিষদ '.........' এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

৪.১৭। অর্থ বছর ৩১ মে এর পূর্বেই এডিপি বরাদ্দের বিপরীতে মন্ত্রণালয় হতে ছাড়কৃত অর্থের হিসাব জেলা পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইট ও আইবাস ++ এর এন্ট্রি যথাযথভাবে যাচাই করতে হবে। প্রতি বছর ৩০ জুন এর মধ্যে এডিপি বরাদ্দকৃত সমুদয় অর্থে আবশ্যিকভাবে প্রকল্প গ্রহণ করতে হবে। কোন অর্থ অব্যয়িত রাখা যাবে না।

৫। এডিপির অর্থ দ্বারা নিম্নের কাজগুলো করা যাবে না:

৫.১। রেজিষ্ট্রেশন বিহীন কোন সমিতি, সংঘ, পাঠাগার ও ক্লাবের উন্নয়নমূলক কোন প্রকল্প গ্রহণ করা যাবে না।

৫.২। ব্যক্তিগত পর্যায়ে টিউবওয়েল বা ল্যাট্রিন নির্মাণ করা যাবে না।

৫.৩। পূর্ত কাজে প্যালাসাইডিং এর ক্ষেত্রে বাঁশ/কাঠের ব্যবহার করা যাবে না।

৫.৪। গ্রামীণ রাস্তা নির্মাণের কাজ যেহেতু এলজিইডি করে থাকে সেহেতু এলজিইডির আইডিভুক্ত রাস্তার কাজ করা যাবে না।

৫.৫। ব্যক্তিমালিকানাধীন/বাণিজ্যিক/ব্যবসায়িক কোন প্রতিষ্ঠান/এনজিওতে জেলা পরিষদের অর্থায়নে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না।

৫.৬। পৌরসভা/সিটিকর্পোরেশন এলাকায় জেলা পরিষদের অবকাঠামো/সম্পত্তি ব্যতিত অন্য কোন পূর্ত/সামাজিক উন্নয়নমূলক কার্যক্রমকে নিরুৎসাহিত করতে হবে।

৫.৭। এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান/সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রদত্ত প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রাপ্ত প্রাতিষ্ঠান, পাঠদানের স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে এডিপির অর্থ বরাদ্দ প্রদান করা যাবে না।

৫.৮। এডিপি বরাদ্দকৃত অর্থে জেলা পরিষদের নিজস্ব স্থাপনা যেমন: জেলা পরিষদ অফিস ভবন, ডাকবাংলো, অডিটরিয়াম, অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল, প্রধান নির্বাহী কর্মকর্তার বাসভবন, জেলা পরিষদ স্টাফ কোয়ার্টার মেরামত ও সংস্কার প্রকল্প গ্রহণ করা যাবে না। এসকল প্রকল্প জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করা যাবে।


( মোঃ এরশাদুল হক )
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
email:lgzp@lgd.gov.bd


বিতরণ:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, স্থানীয় সরকার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/ খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।
৫। চেয়ারম্যান, জেলা পরিষদ,---------------------------------।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, ঢাকা।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,------------------------------।
৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

# এডিপি বরাদ্দকৃত অর্থে গৃহিত প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য নির্ধারিত ছক

| ক্র:নং | প্রকল্পের নাম | প্রকল্পের উদ্দেশ্য ও ধরণ | বরাদ্দ | বাস্তবায়ন পদ্ধতি (উন্মুক্ত দরপত্র/ প্রকল্প কমিটি) | প্রকল্পের সুপারিশকারীর নাম ও পদবী | বিগত পাঁচ বছরে প্রকল্প সমূহের অনুকূলে এডিপি/রাজস্ব হতে বরাদ্দ দেয়া হয়েছে কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

৭/৮/২০